

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ২৮, ১৯৯৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(পৌর-৩ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ, ১০ই বৈশাখ, ১৪০৫/২৩শে এপ্রিল ১৯৯৮

এস, আর, ও, নং ৫৫-আইন/৯৮—যেহেতু সরকার গুরুদাসপুর মিউনিসিপ্যালিটিতে নিম্ন তফসিলে উল্লিখিত শহর এলাকাসমূহকে অন্তর্ভুক্ত করিয়া উক্ত মিউনিসিপ্যালিটির সীমানা সম্প্রসারণ (extend) করার প্রস্তাব করিয়াছিল।

এবং যেহেতু সরকার Declaration and Alteration of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর অধীন প্রস্তাবিত সম্প্রসারণের ব্যাপারে পরামর্শ এবং আপত্তি আহ্বান করিয়া পাবলিক নোটিশ জারী করার জন্য সংশ্লিষ্ট ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল এবং তদনুযায়ী ডেপুটি কমিশনার উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া প্রতিবেদন দাখিল করিয়াছে;

এবং যেহেতু প্রস্তাবিত সম্প্রসারণের ব্যাপারে ডেপুটি কমিশনারের প্রতিবেদন বিবেচনা করিয়া সরকার উক্ত Rules এর rule 4(2) এর অধীন উল্লিখিত এলাকাসমূহকে গুরুদাসপুর মিউনিসিপ্যালিটিতে অন্তর্ভুক্ত করিয়া উক্ত মিউনিসিপ্যালিটির সীমানা সম্প্রসারণ করার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

(৫৭৬৫)

মূল্য : টাকা ১.০০

অতএব, সেহেতু উক্ত Rules এর rule 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা এই মর্মে ঘোষণা করিল যে, নিম্ন তফসিলভুক্ত শহর এলাকাসমূহ আগামী ১৭ই বৈশাখ ১৪০৫ বাংলা মোতাবেক ৩০-৪-১৯৯৮ ইং তারিখ হইতে গুরুদাসপুর মিউনিসিপ্যালিটির অন্তর্ভুক্ত হইবে এবং অনুরূপভাবে উক্ত গুরুদাসপুর মিউনিসিপ্যালিটির সীমানা সম্প্রসারিত হইবে।

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল, নং	দাগ নং
১	২	৩	৪	৫
(১)	গুরুদাসপুর	পার গুরুদাসপুর	৭০	৭৭৩—৯৮৪, ৬০৬, ৯৯৩, ৯৯৫, ৯৯৬ ও ৯৯৯।

রাস্তাপতির আদেশক্রমে
আব্দুস গাভার সিএম
উপ-সচিব (পৌর)।

মুহাম্মদ রবিউল ইসলাম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত
বিমান বিহারী দাস, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।